



জবকীপার পেমেন্ট

অস্ট্রেলিয়া সরকারের জবকীপার পেমেন্ট-এর অধীনে, করোনা ভাইরাস-এর অর্থনৈতিক প্রভাব দ্বারা আক্রান্ত উপযুক্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলো তাঁদের কর্মীদের বেতন দেয়া চালিয়ে যাবার জন্য বেতনের ভর্তুকি পাবার যোগ্য হবেন।

আক্রান্ত নিয়োগকারীরা পাক্ষিকভাবে \$১,৫০০/-দাবী করতে পারবেন, ৩০শে মার্চ ২০২০ তারিখ থেকে ২৭শে সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত প্রত্যেক উপযুক্ত কর্মীদের জন্য।

জবকীপার পেমেন্ট উপযুক্ত নিয়োগকারীদেরকে তাঁদের কর্মীবাহিনীর সাথে সংযোগ রাখতে ও এই সংকট শেষ হবার পর ব্যবসাগুলো দ্রুত পুনরায় আরম্ভ করতে সহায়তা করার ব্যাপার নিশ্চিত করবে।

এই পেমেন্টটি করোনা ভাইরাসের অর্থনৈতিক প্রভাবের উপর উপাধানস্বরূপ যা সরকারের একটি পরিকল্পনার অংশ এবং এটি পুনরুদ্ধারকাজে একটি সেতু হিসেবে সহায়তা করবে।

নিয়োগকর্তাদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

জবকীপার পেমেন্টটি পাবার জন্য নিয়োগকারীদের অবশ্যই অস্ট্রেলিয়ান ট্যাক্স অফিস (ATO) -এর www.ato.gov.au ওয়েবসাইটে গিয়ে আবেদন করার অভিপ্রায় প্রকাশের জন্য রেজিস্টার করতে হবে।

নিয়োগকারীদের আয় কমে গেছে কিনা বা আয়ের আদ্যক পতনের অভিজ্ঞতা হবে কিনা তা অবশ্যই পরিমাপ করে দেখতে হবে- বেশীরভাগ ক্ষুদ্র ব্যবসার জন্য, এই পরমাণটি হলো আয়ের শতকরা ৩০ ভাগ বা তার বেশী কমে যাওয়া, ১লা মার্চ ২০২০ থেকে শুরু করে অন্তত একমাসব্যাপী।

দানশালাসহ মুনাফার-জন্য-নয় প্রতিষ্ঠানগুলো ও স্ব-নিযুক্ত ব্যক্তি (কর্মীবিহীন ব্যবসাসমূহ) যাঁরা আয়ের বা টার্নওভার-এর টেস্ট ও যোগ্যতার আৱশ্যিক শর্তগুলো মেটাতে সক্ষম হবেন তাঁরাও জবকীপার পেমেন্ট-এর জন্য আবেদন করতে পারবেন।

এই প্রক্রিয়ার অংশ হিসেবে, নিয়োগকারীদের অবশ্যই উপযুক্ত কর্মীদের তথ্য ATO-কে জানাতে হবে। এই তথ্যের মধ্যে পড়ে ১লা মার্চ ২০২০ তারিখে উপযুক্ত কর্মীদের সংখ্যা এবং যাঁরা বর্তমানে ব্যবসাপ্রতিষ্ঠানটিতে চাকরীরত আছেন (যাঁদের চাকরী চলে গেছে বা যাঁদেরকে আবারো নিযুক্ত করা হয়েছে তাঁরাও এই তথ্যের অন্তর্ভুক্ত হবেন)।

যোগ্য নিয়োগকারীরা প্রথম জবকীপার পেমেন্টটি মে' মাসের প্রথম সপ্তাহে পাবেন।

কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

আপনি যদি একজন কর্মী হন, আপনার নিয়োগকারী আপনাকে জানাবেন যদি তাঁরা আপনার পক্ষ থেকে জবকীপার পেমেন্ট-এর জন্য আবেদন করে থাকেন — বেশীরভাগ কর্মীরই এর পর আর কোন কিছু করার দরকার নেই।

ফুল-টাইম ও পার্ট-টাইম কর্মীসহ যাঁদের চাকরী চলে গেছে, তাঁরা জবকীপার পেমেন্ট-এর যোগ্য হবেন।

যেসব ক্যাসুয়াল কর্মী তাঁদের নিয়োগকর্তার সাথে নিয়মিত ও রীতিবদ্ধভাবে ১লা মার্চ ২০২০-তে কমপক্ষে গত ১২ মাস ধরে কাজ করছেন, তাঁরাও জবকীপার পেমেন্ট পাওয়ার যোগ্য হবেন। ১লা মার্চ ২০২০ তারিখে যোগ্য কর্মীদের অন্তর্ভুক্ত হলেনঃ

- অস্ট্রেলিয়ার নাগরিক
- স্থায়ী ভিসাধারী ব্যক্তি
- স্পেশাল ক্যাটাগরী (Subclass 444) ভিসাধারী ব্যক্তি

আপনি যদি যোগ্য হন, তবে জবকীপার পেমেন্টটি আপনার আয়ের আংশিক বা সম্পূর্ণ ভাগ ভর্তুকি দেবে- আপনার নিয়োগকারী তাঁদের পে'রোলের মাধ্যমে আপনাকে বেতন দেবার জন্য দায়বদ্ধ থাকবেন।

যোগ্য কর্মীরা তাঁদের নিয়োগকর্তার কাছ থেকে পাক্ষিকভাবে ট্যাক্সের আগে কমপক্ষে \$১,৫০০ বেতন পেবেন।

জবকীপার পেমেন্ট-এর কারণে অতিরিক্ত পেমেন্ট-এর উপর সুপারঅ্যানুয়েশনের গ্যারান্টি পেমেন্টগুলো করতে হবে না।

যদি আপনি সাধারণত পাক্ষিকভাবে ট্যাক্সের আগে \$১,৫০০/- এর কম আয় করেন, তবে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার বেতন পাক্ষিকভাবে ট্যাক্সের আগে কমপক্ষে \$১,৫০০ দিতে হবে।

যদি জবকীপার পেমেন্ট-এর আবেদন অনুমোদিত হয়, কিন্তু আপনি বর্তমানে জবসীকার পেমেন্ট গ্রহণ করেন, বা অন্য কোন ইঙ্কাম সাপোর্ট পেমেন্ট নিয়ে থাকেন, তবে আপনাকে অবশ্যই সার্ভিসেস অস্ট্রেলিয়া-কে আপনার পরিস্থিতির পরিবর্তনের ব্যাপারে জানাতে হবে তা না হলে আপনি ঋণগ্রস্ত হয়ে পড়বেন যা আপনাকে পরিশোধ করতে হবে।